দৈনিক
ইত্তেফাক

তারিখ 25 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

# রাবির আইন অনুষদের প্রশ্নে ভুল, ডিনের দুঃখ প্রকাশ

■ রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় আইন অনুষদের প্রশ্নে বঙ্গবন্ধুর শাহাদৎবার্ষিকীর সালে ভুল পাওয়া গেছে। গতকাল সোমবার সকাল ৯টা থেকে ১০টায় অনুষ্ঠিত 'বি' ইউনিটের (আইন বিভাগ) বিজোড় রোল নম্বরধারীদের ৪ নম্বর সেটের ৪১ নম্বর প্রশ্নে এ ভুল দেখা গেছে। বঙ্গবন্ধুর শাহাদৎবার্ষিকী ১৫ আগস্ট ১৯৭৫ সালের পরিবর্তে ১৫ আগস্ট ২০১৬ লেখা হয়েছে।

রাবি শাখা ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি রাশেদুল ইসলাম বলেন, 'বিশ্ববিদ্যালয়ের মতো একটি বড় প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুকে নিয়ে এরকম একটা ভুল কাম্য নয়। এ ভুল করে তারা ইতিহাসকে বিকৃত করেছেন।'